

1. ১৪

‘পল্লী এলাকার ১০ হাজার স্কুলে কম্পিউটার-টেলিফোন দেয়া হবে’

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী ড. আব্দুল মঈন খান বলেছেন, দেশের পল্লী এলাকার ১০ হাজার স্কুলে কম্পিউটার এবং টেলিফোন সংযোগ দেয়া হবে। তিনি শনিবার ঢাকায় একটি হোটেলে বাংলাদেশ কম্পিউটার সমিতি আয়োজিত ফ্রেস্ট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব কারার মাহমুদুল হাসান এবং গৃহায়ণ ও গণপূর্ত সচিব সৈয়দ তানভীর হোসেন বক্তৃতা করেন। মন্ত্রী বলেন, বাংলাদেশের ভবিষ্যৎ উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। -তথ্য বিবরণী